D:\Betar-1\Deputaion\Order.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বেতার-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moi.gov.bd

নম্বর: ১৫.০০.০০০০.০২১.১৮.৩২৭.১৬-

তারিখ: ০৩ ভাদ্র ১৪৩৩ / ১৮ আগস্ট ২০২৬

প্রাপক: বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক
রাজশাহী।

বিষয়ঃ রাজশাহী বিশ্ববিদ্যালয় এর ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ এর অধীনে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের এমফিল কোর্সে অধ্যয়নের জন্য ০২ (দুই) বছরের প্রেষণাদেশ জারী প্রসংগে।

আদিষ্ট হয়ে বাংলাদেশ বেতারের নিম্নোক্ত কর্মকর্তা-কে রাজশাহী বিশ্ববিদ্যালয় এর ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ এর অধীনে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে এমফিল কোর্সে অধ্যয়নের নিমিত্ত তাঁর নামের পার্শ্বে বর্ণিত সময়ের জন্য নিম্নবর্ণিত শর্তে প্রেষণ মঞ্জুরি জ্ঞাপন করছিঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | প্রেষণ মঞ্জুরির তারিখ ও সময় |
|---|---|---|
| ০১ | জনাব ফারজানা ইয়াসমিন<br>সহকারী পরিচালক (অনুষ্ঠান)<br>বাংলাদেশ বেতার, রাজশাহী। | ১২.০৭.২০২৬ থেকে ১১.০৭.২০২৮ তারিখ পর্যন্ত অথবা কর্মস্থল ত্যাগের তারিখ থেকে ০২(দুই) বছর। |

শর্তাবলীঃ

(১) এ প্রেষণকালীন তিনি কর্তব্যরত রয়েছে বলে গণ্য হবেন:

(২) আলোচ্য কোর্সে অধ্যয়নের জন্য বাংলাদেশ সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;

(৩) কোর্সটি সফলভাবে সম্পন্ন না করার কারণ গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হলে প্রেষণকালীন বেতনভাতা হিসেবে গৃহীত টাকার এক-পঞ্চমাংশ সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;

(৪) উক্ত কোর্সটি সফলভাবে সম্পন্ন না করার কারণ গঠিত কমিটির নিকট গ্রহণযোগ্য বিবেচিত না হলে প্রেষণকালীন বেতন-ভাতা হিসেবে গৃহীত সমুদয় অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;

(৫) প্রেষণ মঞ্জুরির পর প্রেষণ গ্রহণকারী কর্মকর্তাকে প্রতি বছর সংশ্লিষ্ট গবেষণা তত্ত্বাবধায়কের নিকট হতে অগ্রগতি সংক্রান্ত প্রত্যয়ন গ্রহণ করে নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এটি বাধ্যতামূলক হবে এবং যে সকল কর্মকর্তা তা পাঠাতে ব্যর্থ হবেন, তাদের বেতন বন্ধ থাকবে;

(৬) কোর্সের কোনো পর্যায়ে জনপ্রশাসন মন্ত্রণালয় অনুসৃত/আয়োজক (host) প্রতিষ্ঠান অনুসৃত অথবা আন্তর্জাতিকভাবে স্বীকৃত Academic Integrity ও Ethics এর পরিপন্থী কোনো কর্মকাণ্ডে জড়িত থাকার বিষয়ে অভিযোগ পাওয়া গেলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;

(৭) প্রেষণ শেষে তিনি বর্তমান কর্মস্থলে যোগদানপূর্বক ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।

(৮) প্রেষণ শেষে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে একটি কোর্স সমাপ্তি প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করবেন;

(৯) আলোচ্য এমফিল কোর্সের ক্ষেত্রে জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩ এর সকল শর্ত প্রযোজ্য হবে।

(মোঃ আওলাদ হোসেন)
উপসচিব
ফোনঃ ২২৩৩৫৭৪২১
E-mail: betar1@ moi.gov.bd

নম্বর: ১৫.০০.০০০০.০২১.১৮.৩২৭.১৬- ১২৮/৫

তারিখ: ০৩ ভাদ্র ১৪৩৩ / ১৮ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
২। পরিচালক, ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।
৩। সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (আদেশটি তথ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। জনাব ফারজানা ইয়াসমিন, সহকারী পরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার, রাজশাহী।

১৮/০৮/২০২৬

(মোঃ আওলাদ হোসেন)
উপসচিব